2024/FYUG/ODD/SEM/
BNGIDC–101T/231

# FYUG Odd Semester Exam., 2024

## BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGIDC–101T

( উনিশ শতকের বাংলা সাহিত্য )

*Full Marks* : 70

*Pass Marks* : 28

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## UNIT—I

১। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'চতুর্দ্দশপদী কবিতাবলী'র প্রথম কবিতা কোনটি?

(খ) মধুসূদন দত্তের 'চতুর্দ্দশপদী কবিতাবলী' গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়?

(গ) এ মম মিনতি, দেব, আসি অকিঞ্চনে
শিখাও সে মহাবিদ্যা এ দূর অঞ্চলে।

কোন্ কবিতার অংশ?

(ঘ) 'চতুর্দ্দশপদী কবিতাবলী' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ঙ) 'চতুর্দ্দশপদী কবিতাবলী' ছাড়া মধুসূদন দত্তের অন্য একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। মধুসূদন দত্তের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। ২

অথবা

৩। সনেট বলতে কী বোঝায়? ২

৪। 'বিজয়া দশমী' কবিতার বিষয়বস্তু তোমার নিজের ভাষায় বর্ণনা করো। ৮

অথবা

৫। 'বঙ্গদেশে এক মান্য বন্ধুর প্রতি' কবিতায় বিদ্যাসাগরের প্রতি মধুসূদনের যে কৃতজ্ঞতা প্রকাশ পেয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো। ৮

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি মধুসূদনের কোন্ প্রহসনের অনুকরণে লেখা?

(খ) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(গ) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনে মোট কয়টি অঙ্ক আছে?

(ঘ) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনে বুড়োর নাম কী?

(ঙ) 'বিয়ে পাগলা বুড়ো' কত সালে প্রকাশিত হয়?

৭। 'বিয়ে পাগলা বুড়ো' ছাড়া দীনবন্ধু মিত্রের অন্য দুটি নাটকের নাম লেখো। ২





অথবা

৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের যে কোনো দুটি নারী চরিত্রের নাম লেখো। ২

৯। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনে সমাজ-জীবনের যে প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় ব্যক্ত করো। ৮

অথবা

১০। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের নামকরণের সার্থকতা বিচার করো। ৮

## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'মনুষ্যফল' প্রবন্ধে শৃগালের সঙ্গে কোন্ শ্রেণির মানুষদের তুলনা করা হয়েছে?

(খ) 'ইহারা পৃথিবীর কুষ্মাণ্ড'—এখানে কাদের কথা বলা হয়েছে?

(গ) 'বিড়াল' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(ঘ) 'বিড়াল' প্রবন্ধটির বক্তা কে?

(ঙ) 'কমলাকান্তের দপ্তর' কাকে উৎসর্গ করা হয়েছে?

১২। 'বড়বাজার' প্রবন্ধে উল্লিখিত যে কোনো দুটি বাজারের উল্লেখ করো। ২

অথবা

১৩। 'বসন্তের কোকিল' বলতে বঙ্কিমচন্দ্র কাদের বুঝিয়েছেন? ২

১৪। 'বসন্তের কোকিল' প্রবন্ধে জীবনরসের গভীর উপলব্ধি যেভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ৮

অথবা

১৫। 'বড়বাজার' প্রবন্ধের মূল বিষয়বস্তু আলোচনা করো। ৮

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ছুটি' গল্পের ফটিকের মামার নাম কী?

(খ) 'পোষ্টমাস্টার' গল্পে উল্লিখিত গ্রামটির নাম কী?

(গ) 'দেনা-পাওনা' গল্পের নিরুপমার বাবার কী?

(ঘ) 'সুভা' গল্পে প্রতাপ সুভাকে কী বলে ডাকত?

(ঙ) 'সুভা' গল্পে সুভার বাবার নাম কী?

১৭। 'দেনা-পাওনা' গল্পের যে কোনো দুটি চরিত্রের নাম লেখো। ২

অথবা

১৮। 'কী গা বাবু কেন ডাকছ'—কে, কাকে বলেছে? ২

১৯। 'ছুটি' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। ৮

অথবা

২০। 'সুভা' গল্পে নির্বাক সুভার অশ্রুসিক্ত জীবন যন্ত্রণার ছবি নিজের ভাষায় ব্যক্ত করো। ৮





## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) রামমোহন রায় রচিত যে কোনো একটি বইয়ের নাম লেখো।

(খ) বিদ্যাসাগর রচিত যে কোনো একটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখো।

(গ) বঙ্কিমচন্দ্রের যে কোনো একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(ঘ) মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'-এ মোট কয়টি সর্গ আছে?

(ঙ) মধুসূদনের 'বীরাঙ্গনা' কাব্যটি কত সালে রচিত?

২২। রামমোহন রায়ের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। ২

অথবা

২৩। বঙ্কিমচন্দ্রের যে কোনো দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো। ২

২৪। বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৮

অথবা

২৫। বাংলা মহাকাব্যের ধারণায় মধুসূদনের কৃতিত্ব পর্যালোচনা করো। ৮

***



Learnfo